

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৫, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ আষাঢ় ১৪১২/৩ জুলাই ২০০৫

এস. আর. ও নং ১৯৭-আইন/২০০৫/সম/বিধি-১/এস-২৫/৮৬(অংশ-১)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এডহক চাকুরী গণনা (জ্যোষ্ঠতা নির্ধারণ) বিধিমালা ১৯৯০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) বিধি ৪ এর উপ-বিধি(১) এর দফা (খ) এর পর নিম্নবর্ণিত দফা (গ) এবং উহার বিপরীতে উল্লিখিত এক্সিসমূহ সংযোজিত হইবে, যথা :—
“(গ) সহকারী সার্জন (ইন সার্ভিস ট্রেইনী) হিসাবে ২৫শে জানুয়ারী, ১৯৮২ হইতে ১৭ মে, ১৯৮৬ পর্যন্ত সময়সীমার মধ্যে কোন পদে এডহক ভিত্তিক নিযুক্ত হইয়া উক্ত সময়সীমার মধ্যে যে কোন সময় একই পদে নিয়মিতভাবে নিযুক্ত কোন কর্মকর্তা।”; এবং
- (খ) বিধি ৫ এর উপ-বিধি(২) এ উল্লিখিত “বিধি ৪(১) (খ)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বক্রনিশ্চিলির পরিবর্তে “বিধি ৪(১) (গ)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বক্রনিশ্চিলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস এম আব্দুল হালিম
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ বরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭৪০৭)

মূল্য ১ টাকা ২.০০